# এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স ম্যানেজমেন্ট

# সিস্টেম ব্যবহারবিধি


# <u>এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স ম্যানেজমেন্ট সিস্টেম</u>

এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স ম্যানেজমেন্ট সিস্টেম একটি অটোমেটিক সিস্টেম যার মাধ্যমে ইউজারকে উচ্চতার প্রাথমিক ধারণা ও উচ্চতার সার্টিফিকেট প্রদান করা হবে। এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স ম্যানেজমেন্ট সিস্টেম দুটি ভাগে বিভক্ত। একটি মোবাইল অ্যাপ্লিকেশন এবং অন্যটি ওয়েব অ্যাপ্লিকেশন। একজন ব্যবহারকারী ওয়েবসাইট অথবা মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে কাঙ্ক্ষিত সেবাটি পেতে পারে। এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স সিস্টেমটি ব্যবহার করার জন্য ব্যবহারকারীকে প্রথমে https://caabhc.gov.bd/ এই লিঙ্কে প্রবেশ করতে হবে ,অথবা গুগল প্লে স্টোর থেকে হাইড ক্লিয়ারেন্স অ্যাপটি ডাউনলোড করতে হবে।

এয়ারপোর্ট হাইট ক্লিয়ারেন্স ম্যানেজমেন্ট সিস্টেমে দু'ধরনের ব্যবহারকারী রয়েছেন প্রথমত যারা সেবা গ্রহণ করবেন তারা সাধারণ ব্যবহারকারী এবং সিভিল এভিয়েশনের কর্মকর্তাগণ সিষ্টেম কন্ট্রোলার।

একজন সেবাগ্রহণকারী যেভাবে সিভিল এভিয়েশন এর হাইট ম্যানেজমেন্ট সিস্টেম এটি ব্যবহার করবেনঃ

ওয়েব অ্যাপ্লিকেশন এর একজন ইউজার প্রবেশ করা মাত্রই একটি ল্যান্ডিং পেইজের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত উপস্থাপন করা হবে।




একজন ব্যবহারকারী প্রয়োজন অনুসারে উপরের বাটন থেকে ভাষা পরিবর্তন করে নিতে পারেন অ্যাপ্লিকেশনটি দুটি ভাষায় কাজ করেন একটি বাংলা এবং অন্যটি ইংরেজি ।


নিবন্ধন প্রক্রিয়াঃ

নিবন্ধন যাচাই করণঃ

নিবন্ধন করুন বাটনটিতে ক্লিক করার পর ব্যবহারকারী কাছে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য একটি ফরম উপস্থাপন করা হবে। যেখানে ব্যবহারকারীকে ন্যাশনাল আইডি, ইমেইল, মোবাইল নাম্বার এবং পাসওয়ার্ড সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে। সঠিকভাবে তথ্য প্রদান করা হলে স্বয়ংক্রিয়ভাবেই ব্যবহারকারীর নিকট একটি নিবন্ধন যাচাইকরণ কোড প্রেরণ করা হবে।


অ্যাকাউন্ট সক্রিয় করুনঃ

সঠিকভাবে যাচাইকরণ কোড টি ভেরিফিকেশন করার পরে ব্যবহারকারীর একাউন্টটিকে সক্রিয় করে দেয়া হবে, নিবন্ধন যাচাইকরণ ব্যতীত কোন একাউন্টে সক্রিয় করা হবে না।




পূর্বে নিবন্ধনকৃত কোনো ব্যবহারকারী যদি একাউন্টের পাসওয়ার্ড ভুলে যান, তবে আপনার পাসওয়ার্ড ভুলে গেছেন অপশনটির মাধ্যমে তিনি নতুন করে পাসওয়ার্ড রিসেট করতে পারেন।

পূর্বে ব্যবহৃত মোবাইল নাম্বার এবং পাসওয়ার্ড ব্যবহার করে ইউজার তার অ্যাকাউন্টে প্রবেশ করতে পারবেন। একজন ব্যবহারকারী সঠিকভাবে লগইন করার পর নিম্নোক্ত ড্যাশবোর্ড প্রদর্শিত হবে যেখানে বামপাশের মেনু নির্বাচন করে ইউজার তার কাঙ্ক্ষিত সেবা পেতে পারেন। একজন সাধারণ ব্যবহারকারী সঠিকভাবে লগইন করার পর তিনি উচ্চতা ছাড়পত্র উচ্চতা যাচাই এবং লগআউট এই তিনটি অপশন নির্বাচন করতে পারবেন। এছাড়া তিনি আবেদনপত্র তালিকা থেকে প্রক্রিয়াধীন আবেদনপত্র প্রক্রিয়াধীন ছাড়পত্র উচ্চতা যাচাই এবং সর্বমোট তিনি কতটি অ্যাপ্লিকেশন করেছেন এ সংক্রান্ত তথ্যাদি জানতে পারবেন।





উচ্চতা যাচাই / ছাড়পত্রঃ

উচ্চতা যাচাই-বাছাই পত্র জন্য একজন ব্যবহারকারীকে বামপাশের মেনু থেকে উচ্চতা যাচাই অপশনটি নির্বাচন করতে হবে উচ্চতা যাচাই / ছাড়পত্র অপশনটি নির্বাচিত করলে নিম্নোক্ত স্ক্রিন ব্যবহারকারীকে প্রদর্শিত হবে যেখানে উচ্চতা যাচাই পত্রের ধরন নির্বাচন করতে হবে।

উচ্চতা যাচাইঃ

উচ্চতা যাচাই পত্রের ধরন নির্বাচনের পর ব্যবহারকারীকে ব্যবহারকারী নিকট জানতে চাওয়া হবে যে এই জমির মালিক তিনি নিজে কিনা। যদি ব্যবহারকারী জমির মালিক নিজেই হয়ে থাকেন তবে নিবন্ধনের সময় ব্যবহৃত তথ্যাবলী ব্যবহারকারীর তথ্য হিসেবে ব্যবহৃত হবে যা জমির মালিকের তথ্য হিসেবে গণ্য হবে।




যদি আবেদনকারী প্রকৃত জমির মালিক না হয়ে থাকেন তাহলে নিম্নোক্ত স্ক্রিনটি প্রদর্শিত হবে যেখানে প্রকৃত জমির মালিক কর্তৃক প্রদানকৃত ক্ষমতাপত্র এবং জমির প্রকৃত মালিকের তথ্য প্রদান করতে হবে।

জমির মালিক সংক্রান্ত তথ্যঃ


জমির মালিক সংক্রান্ত সকল তথ্য সঠিকভাবে পূরণ করার পর তথ্যগুলি সংরক্ষণ করতে হবে। তথ্য সংরক্ষন করুন বাটনটিতে ক্লিক এর মাধ্যমে তথ্য সংরক্ষণ করতে হবে। সঠিকভাবে তথ্য সংরক্ষণের পর ব্যবহারকারী নিকট তার জমি সংক্রান্ত তথ্যাবলী জন্য একটি ফর্ম উপস্থাপন করা হবে।

জমি সংক্রান্ত তথ্যাবলীঃ

জমি সংক্রান্ত তথ্য ক্ষেত্রে ব্যবহারকারী কে প্রথমে তার জমির তফসিল সংক্রান্ত তথ্য নির্বাচন করতে হবে, যেখানে দুটি অপশন রয়েছে মৌজা এবং আবাসিক এলাকা। ব্যবহারকারীর প্রয়োজনীয় মৌজা/আবাসিক এলাকা সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে। যার মাধ্যমে জমির ভৌগোলিক অবস্থান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়।

জমি সংক্রান্ত তথ্যাবলীঃ

জমি সংক্রান্ত তথ্যাবলী ফরম এ দুটি অংশে রয়েছে। একটি অক্ষাংশ এবং অন্যটি দ্রাঘিমাংশ, যা ব্যবহারকারীকে অবশ্যই পূরণ করতে হবে। ব্যবহারকারীকে জমির কেন্দ্রবিন্দু অর্থাৎ মধ্য স্থানের অক্ষাংশ ও দ্রাঘিমা প্রদান করতে হবে। অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সঠিকভাবে দেয়া না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।





সঠিকভাবে তথ্য প্রদানের পর তথ্য সংরক্ষণ করুন বাটনটিতে ক্লিক করে ব্যবহারকারীকে নিশ্চিত ভাবে তথ্য সংরক্ষণ করতে হবে। সফলভাবে জমির তথ্য সংরক্ষণ সম্পন্ন হলে ব্যবহারকারীকে স্বয়ংক্রিয়ভাবে

পরবর্তী স্টেপ এ নিয়ে যাওয়া হবে, যেখানে ব্যবহারকারী তার অ্যাপ্লিকেশন এর ধরন অনুযায়ী ফি প্রদান করবেন।

দু ধরনের অ্যাপ্লিকেশন রয়েছে একটি শুধুমাত্র উচ্চতা যাচাইকরণ এবং অন্যটি উচ্চতা যাচাইয়ের ছাড়পত্র। দুই ধরণের অ্যাপ্লিকেশনের জন্য দুই ধরণের ফি নির্ধারণ করা হয়ে থাকে।




ফি পরিশোধ বাটনে ক্লিক করে একজন ব্যবহারকারী ফি পরিশোধ করতে পারবে। ফি পরিশোধ করা হলে স্বয়ংক্রিয়ভাবে ব্যবহারকারীকে উচ্চতা সংক্রান্ত তথ্য জানিয়ে দেয়া হবে। যদি আবেদন এর ধরন উচ্চতা যাচাইকরণ হয়ে থাকে তাহলে ব্যবহারকারী তার উচ্চতার প্রাথমিক ধারণা পরবর্তী স্ক্রিনে দেখতে পাবেন।



আবেদন পত্রের ধরণ যদি উচ্চতার ছাড়পত্র হয়ে থাকে তাহলে ব্যবহারকারীকে একটি নির্দেশনা প্রদর্শন করা হয়। প্রয়োজনীয় যাচাই-বাছাইয়ের পর প্রদত্ত তথ্যের এর উপর ভিত্তি করে সঠিক উচ্চতা ছাড়পত্র সম্পন্ন হলে ব্যবহারকারীকে ইমেইল এবং মোবাইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।